



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/সাতক্ষীরা-১২৩/ ১৬৬

তারিখ: ১১ পৌষ ১৪২৯  
২৬ ডিসেম্বর ২০২২

**বিষয়ঃ** গভার্ণিং বডির কার্যক্রমের স্থগিতাদেশ প্রত্যাহার প্রসঙ্গে

- সূত্র: ১। বামাশিবো এর স্মারক নং- বামাশিবো/প্রশা/৩৩০২২১১৮৫৮৩৩/৬২৮৩২/নথি নং-১২৩; তারিখ: ২৯/০৫/২০২২ খ্রি.  
২। বামাশিবো এর স্মারক নং- বামাশিবো/প্রশা/সাতক্ষীরা-১২৩/১৪৪; তারিখ: ১৬/১০/২০২২ খ্রি.  
৩। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা এর স্মারক নং-জেশিঅ/সাত/২০২২/৯৫৭; তারিখ: ০৬/১২/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সাতক্ষীরা জেলার আশাশুনি উপজেলাধীন গাজীপুর কুড়িগ্রাম ইসলামিয়া সিদ্দিকিয়া আলিম মাদ্রাসায় সূত্রোক্ত ১ নং স্মারকে গভার্ণিং বডি অনুমোদন দেয়া হয়। গভার্ণিং বডি গঠনে অনিয়ম ও বিভিন্ন অভিযোগের প্রেক্ষিতে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ২ নং স্মারকে জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরাকে পত্র দেয়া হয় এবং একই সাথে তদন্তচলাকালীন গভার্ণিং বডির কার্যক্রম স্থগিত করা হয়। জেলা শিক্ষা অফিসার সাতক্ষীরা কর্তৃক তদন্ত প্রতিবেদন সূত্রোক্ত ৩ নং স্মারকে বোর্ডে দাখিল করা হয়। দেখা যায়, অভিযোগটি ভিত্তিহীন ও উদ্দেশ্য প্রণোদিত এবং কমিটি গঠনের ক্ষেত্রে সকল কার্যক্রম যথাযথ বিধিমালা অনুসরণ করা হয়েছে মর্মে তদন্তকারী কর্মকর্তা মতামত প্রদান করেছেন।

বর্ণিত অবস্থায়, অভিযোগকারীর অভিযোগ প্রমাণিত না হওয়ায় সূত্রোক্ত ১ নং স্মারকে অনুমোদিত গভার্ণিং বডির স্থগিতাদেশ এতদ্বারা প্রত্যাহার করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
২৬.১২.২২

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: [registrar@bmeb.gov.bd](mailto:registrar@bmeb.gov.bd)

সভাপতি/অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ  
গাজীপুর কুড়িগ্রাম ইসলামিয়া সিদ্দিকিয়া আলিম মাদ্রাসা  
আশাশুনি, সাতক্ষীরা।

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/সাতক্ষীরা-১২৩/ ১৬৬

তারিখ: ১১ পৌষ ১৪২৯  
২৬ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, সাতক্ষীরা;
২. জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা;
৩. উপজেলা নির্বাহী অফিসার, আশাশুনি, সাতক্ষীরা;
৪. ম্যানেজার, সোনালী, অগ্রণী, বুপালী, জনতা ব্যাংক লি.; .....শাখা, আশাশুনি, সাতক্ষীরা;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আশাশুনি, সাতক্ষীরা;
৬. সদস্যবৃন্দ, গভার্ণিং বডি, গাজীপুর কুড়িগ্রাম ইসলামিয়া সিদ্দিকিয়া আলিম মাদ্রাসা, আশাশুনি, সাতক্ষীরা;
৭. জনাব শামীম হোসেন সুরাত (অভিযোগকারী), আশাশুনি, সাতক্ষীরা;
৮. পিও টু চেয়ারম্যান/পিএ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।



মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: [dradmin@bmeb.gov.bd](mailto:dradmin@bmeb.gov.bd)

২৬/১২/২২